

প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাবর্ষের ক্যালেন্ডারে নির্ধারিত
সাধারণ ছুটি, নির্বাহী আদেশে সরকারি ছুটি ও ধর্মীয় ঐচ্ছিক ছুটির দিনগুলোর
পটভূমি ও তাৎপর্য

তথ্যপুস্তক



সংকলন ও প্রকাশনা

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি, ময়মনসিংহ

মহাপরিচালকের বাণী

শিক্ষা জাতীয় উন্নয়নের প্রধান উপকরণ। আর প্রাথমিক শিক্ষা হলো শিক্ষাস্তরের প্রথম ধাপ। মানসম্মত প্রাথমিক শিক্ষায় শিক্ষিত নতুন প্রজন্মের দ্বারাই অর্জিত হতে পারে টেকসই জাতীয় উন্নয়নের লক্ষ্যমাত্রা। জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্টগুলোর চতুর্থ অভীষ্ট হলো - ‘সকলের জন্য অন্তর্ভুক্তিমূলক ও সমতাভিত্তিক গুণগত শিক্ষা নিশ্চিতকরণ এবং জীবনব্যাপী শিক্ষালাভের সুযোগ সৃষ্টি’, যা নিশ্চিত করার লক্ষ্যে বর্তমান সরকার যুগোপযোগী পরিকল্পনা গ্রহণ ও তা বাস্তবায়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

প্রাথমিক বিদ্যালয়ের বাৎসরিক একাডেমিক ক্যালেন্ডারে নির্দেশিত জাতীয়, আন্তর্জাতিক এবং ধর্মীয় গুরুত্বপূর্ণ বিভিন্ন দিবসে প্রাথমিক বিদ্যালয়সমূহে ছুটি পালন করা হয়। উক্ত দিবসসমূহ রাষ্ট্রীয় ও ধর্মীয় তাৎপর্য বহন করে। যথাযথ মর্যাদায় দিবসসমূহ উদযাপন করা হলেও দিবসগুলোর পটভূমি ও তাৎপর্য সম্পর্কে শিক্ষক ও শিক্ষার্থীগণ সম্যক অবগত নন। প্রাথমিক পর্যায়ের পাঠ্যপুস্তকে বিশেষ কতগুলো দিবসের পটভূমির সংক্ষিপ্ত বর্ণনা স্থান পেলেও তা পূর্ণাঙ্গ ধারণা প্রদানের জন্য যথেষ্ট নয়। তাই এ দিবসগুলোর তাৎপর্য-সংবলিত একটি প্রকাশনার প্রয়োজন অনুভূত হয়ে আসছিল বহুদিন ধরে। এই অপূর্ণতা মোচনের জন্যে এই তথ্যপুস্তিকা সংকলন করা হলো। এর মাধ্যমে শিক্ষকবৃন্দ যেমন দিবসসমূহের তাৎপর্য সম্পর্কে সম্যক ধারণা অর্জন করবেন, তেমনি শিক্ষার্থীগণও দিবসসমূহের পটভূমি, গুরুত্ব ও করণীয় সম্পর্কে জানতে পারবে। অন্য ধর্মাবলম্বীদের জন্য গুরুত্বপূর্ণ ছুটির দিনগুলোর মূল শিক্ষা বুঝতে পারবে। নিজের জীবনে এর প্রতিফলন ঘটিয়ে প্রকৃত মানুষ হিসেবে নিজেকে গড়ে তুলতে সক্ষম হবে। আর রাষ্ট্র সমৃদ্ধ হবে গুণগত শিক্ষায় শিক্ষিত উন্নত মানবিক বোধসম্পন্ন ধর্মনিরপেক্ষ পরমতসহিষ্ণু উদার নাগরিক-সমাজ দ্বারা।

আমি আশা করি, মুজিববর্ষ ২০২০-এ প্রাথমিক শিক্ষায় কাঙ্ক্ষিত মান অর্জনে এই উদ্যোগ কিছটা হলেও অবদান রাখতে পারবে। জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমির ভাষা অনুযায়ী সদস্যগণ এই পুস্তিকা সংকলনে কাজ করেছেন, তাদের ধন্যবাদ জানাচ্ছি। তথ্যপুস্তিকাটি বিভিন্ন দিবস সম্পর্কে শিক্ষক ও শিক্ষার্থীদের জ্ঞানকে সমৃদ্ধ করবে বলে আমি বিশ্বাস করি।

মোঃ শাহ আলম (অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি
ময়মনসিংহ।

উপদেষ্টা

মোঃ শাহ আলম (অতিরিক্ত সচিব)
মহাপরিচালক

নির্দেশনা

মোঃ ইউসুফ আলী (উপসচিব)
পরিচালক

সংকলন

দিলরুবা আহমেদ, উপপরিচালক (প্রশাসন)

শেলী দত্ত, বিশেষজ্ঞ

মনোয়ারা বেগম, সহকারী বিশেষজ্ঞ

মোঃ আবু বকর ছিদ্দিক, সহকারী বিশেষজ্ঞ

সম্পাদনা

মোহাম্মদ আহসান ইবনে মাসুদ

উর্ধ্বতন বিশেষজ্ঞ, ভাষা অনুবাদ

প্রকাশকাল

ডিসেম্বর, ২০১৯

সম্পাদকীয়

জাতীয় ও রাষ্ট্রীয় দিবস এমন এক বা একাধিক নির্ধারিত দিবস যা কোনো স্বাধীন রাষ্ট্র বা জাতিসত্তার গৌরবময় অর্জন বা গভীর তাৎপর্যপূর্ণ ঘটনার স্মারক হিসেবে পালন করা হয়। এটি হতে পারে স্বাধীনতাপ্রাপ্তির দিন, ঐতিহাসিকভাবে তাৎপর্যপূর্ণ ঘটনা অথবা নেতা বা শাসনকর্তার জীবনের গুরুত্বপূর্ণ কোনো দিন। জাতীয় বা রাষ্ট্রীয় দিবসটি প্রায়শই জাতীয় ছুটির দিন হয়ে থাকে। অনেক দেশে একাধিক জাতীয় দিবস পালন করা হয়। এসব দিবস ছাড়াও দেশের ইতিহাসে গুরুত্বপূর্ণ কিছু দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়। দেশীয় ও বৈশ্বিক প্রেক্ষাপটে সুনির্দিষ্ট বিষয়ে সচেতনতা সৃষ্টিতে জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন দিবসও যথেষ্ট গুরুত্ব দিয়ে বিভিন্ন দেশে পালিত হয়।

জাতীয় ও রাষ্ট্রীয় দিবসসমূহ জাতির গৌরবময় ইতিহাসের সঙ্গে জড়িত। জাতি তথা রাষ্ট্র এই দিবসগুলো যথাযথ মর্যাদায় পালন করে। জাতীয় ইতিহাসের তাৎপর্যপূর্ণ অর্জন বা জাতীয় নেতৃবর্গের বীরত্বপূর্ণ অবদান স্মরণ করা হয় এসব দিবসে। এর মাধ্যমে বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মকে গৌরবদীপ্ত ইতিহাস সম্পর্কে ধারণা দেওয়া হয়। স্বাভাবিকবোধ ও দেশপ্রেমে উজ্জীবিত করা হয় পুরো জাতিকে। জাতীয় ও রাষ্ট্রীয় দিবসসমূহের উৎসবময় উদযাপনে সমগ্র জাতি জাতীয়তাবাদের চেতনায় দীক্ষিত হয়। আমাদের জাতি ও রাষ্ট্রেরও রয়েছে এমন কিছু গৌরবময় দিবস।

বাংলাদেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাবর্ষের বর্ষপঞ্জিতে নির্দেশিত শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের ছুটির দিনগুলোর পটভূমি ও তাৎপর্য এই পুস্তিকায় সংকলন করা হয়েছে। এখানে ব্যবহৃত তথ্যগুলো মূলত বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি প্রকাশিত বাংলাদেশের জাতীয় জ্ঞানকোষ *বাংলাপিডিয়া*, অনলাইন মুক্ত বিশ্বকোষ *উইকিপিডিয়া*, প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের পাঠ্যপুস্তক ও বিভিন্ন সংবাদপত্রে প্রকাশিত নিবন্ধ হতে সংগ্রহ করা হয়েছে। এক্ষেত্রে নিরপেক্ষ দৃষ্টিকোণ থেকে তথ্য সন্নিবেশেই গুরুত্বারোপ করা হয়েছে। উপস্থাপনের মৌলিকত্বের পরিবর্তে কোথাও কোথাও হুবহু উদ্ধৃত করা হয়েছে। রীতি মেনে উৎস নির্দেশ করা সম্ভব না হলেও, *বাংলাপিডিয়া*, *উইকিপিডিয়া* ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃপক্ষের নিকট ঋণস্বীকার করছি ও কৃতজ্ঞতা প্রকাশ করছি। এই সংকলন প্রস্তুত করার কাজে ভাষা অনুষদের সদস্যবৃন্দ পরিশ্রম করেছেন, তাঁদের ধন্যবাদ জানাচ্ছি।

আশা করি পুস্তিকাটি সংশ্লিষ্টদের কাজে লাগবে।

মোহাম্মদ আহসান ইবনে মাসুদ

উর্ধ্বতন বিশেষজ্ঞ

সূচিপত্র

ক্রম	দিবস	পৃষ্ঠা
	সাধারণ ছুটি	
১	শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস	২
২	জাতির পিতা শেখ মুজিবুর রহমানের জন্মদিবস ও জাতীয় শিশুদিবস	৩
৩	স্বাধীনতা ও জাতীয় দিবস	৪
৪	মে দিবস	৫
৫	বুদ্ধ পূর্ণিমা (বৈশাখী পূর্ণিমা)	৬
৬	জুমাতুল বিদা	৭
৭	ঈদুল ফিতর	৮
৮	ঈদুল আযহা	৯
৯	জাতীয় শোক দিবস	১০
১০	শুভ জন্মাষ্টমী	১১
১১	শ্রী শ্রী দুর্গাপূজা (বিজয়া দশমী)	১১
১২	ঈদ-ই-মিলাদুল্লাবি (সা.)	১২
১৩	বিজয় দিবস	১৩
১৪	যিশু খ্রিষ্টের জন্মদিবস (বড় দিন)	১৪
	নির্বাহী আদেশে সরকারি ছুটি	
১৫	বাংলা নববর্ষ	১৬
১৬	শবে বরাত	১৭
১৭	শবে কদর	১৮
১৮	পবিত্র আশুরা (১০ই মুহররম)	১৮
	ঐচ্ছিক ছুটি (মুসলিম পর্ব)	
১৯	শবে মেরাজ	২১
২০	হিজরি নববর্ষ	২১
২১	আখেরি চাহার শোয়া	২২
২২	ফাতেহা-ই-ইয়াজদহম	২৩
	ঐচ্ছিক ছুটি (হিন্দু পর্ব)	
২৩	শ্রী শ্রী সরস্বতী পূজা	২৫
২৪	শ্রী শ্রী শিবরাত্রি ব্রত	২৫
২৫	শুভ দোলযাত্রা	২৬
২৬	শ্রী শ্রী হরিচাঁদ ঠাকুরের আবির্ভাব	২৬
২৭	চৈত্রসংক্রান্তি	২৭
২৮	শুভ মহালয়া	২৮
২৯	শ্রী শ্রী লক্ষ্মীপূজা	২৮
৩০	শ্রী শ্রী শ্যামাপূজা	২৯
	ঐচ্ছিক ছুটি (খ্রিস্টান পর্ব)	
৩১	ইস্টার সানডে	৩০
	ঐচ্ছিক ছুটি (বৌদ্ধ পর্ব)	
৩২	মাঘী পূর্ণিমা	৩২
৩৩	আষাঢ়া পূর্ণিমা	৩২
৩৪	মধু পূর্ণিমা (ভাদ্র পূর্ণিমা)	৩৩
৩৫	প্রবারণা পূর্ণিমা (আশ্বিনী পূর্ণিমা)	৩৪
	ঐচ্ছিক ছুটি (পার্বত্য চট্টগাম ও ক্ষুদ্র নৃগোষ্ঠী পর্ব)	
৩৬	বৈসাবি উৎসব	৩৬

